

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯ তম জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান



১৯ মার্চ, ২০১৯-মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক উপ-কমিটি, বাংলাদেশ আওয়ামী লীগ এর উদ্যোগে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯ তম জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান পোগোজ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক উপ-কমিটি, বাংলাদেশ আওয়ামী লীগ এর সম্পাদক শামসুন নাহার চাঁপা এর সভাপতিত্বে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এসময় অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। উল্লেখ্য পোগোজ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এর শিক্ষার্থীদের অংশগ্রহনে উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।